113

ভোরের কাগজ

তারিখ 27 FEB 1998
পৃষ্ঠা ৭২ কলাম ৫

# ঘটনা কী?

সিলেট প্রতিনিধি : এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য ৫ জন ছাত্রকে প্রায় ৬ মাস পর কৃতকার্য দেখিয়ে বোর্ড থেকে প্রেরিত একটি চিঠি নানা প্রশ্নের জন্ম দিয়েছে। চিঠিটি কুমিল্লা শিক্ষা বোর্ড থেকে সিলেটের মদন মোহেন কলেজের অধ্যক্ষ বরাবরে প্রেরণ করা হয়েছে।

গত বছর ১১ সেপ্টেম্বর কুমিল্লা বোর্ডের ১৯৯৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ করা হয়। ফলাফলে দেখা যায়, মদন মোহন কলেজের বিজ্ঞান শাখার ছাত্র মোঃ মতিউর রহমান, মোহাম্মদ নাজমুল হক ও মোহাম্মদ মাহবুব হোসেন এবং বাণিজ্য শাখার মোহাম্মদ সুলতান উদ্দিন ও মোঃ হাছন আহমেদ চৌধুরী (রোল নং যথাক্রমে ১০১৮২৮, ১০১৭৬৯, ১০২২৪৬, ৫০০৭৪৬ ও ৫০০৭৮৪ কৃতকার্য হয়নি।

কিন্তু গত ২২ ফেব্রুয়ারি সংশ্লিষ্ট পরীক্ষা নিয়ন্ত্রক স্বাক্ষরিত এক চিঠিতে (স্মারক নং ১১০/৯৭) জানানো হয়, সংশোধিত ফলাফল অনুযায়ী প্রথম ২ জন প্রথম বিভাগে ও অন্য ৩ জন দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

চিঠিখানি গত ২৫ ফেব্রুয়ারি হাতে পেয়েই মদন মোহন কলেজের অধ্যক্ষ নজরুল ইসলাম চৌধুরী কুমিল্লা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে ফোনে যোগাযোগ করে জানতে পারেন, এ ধরনের কোনো চিঠি সেখান থেকে পাঠানো হয়নি।